FEB. 4 2001

তারিখ ...

পৃষ্ঠা ২.৬ কলাম ৬

# শিক্ষক ধর্মঘটের প্রথম দিনে—

যুগান্তর রিপোর্ট

চুক্তি বাতিল ও চাকরি জাতীয়করণের দাবিতে বাংলাদেশ শিক্ষক সমিতি আহূত ২ দিনের শিক্ষা প্রতিষ্ঠানে ধর্মঘটের প্রথম দিনে শনিবার ঢাকা, রাজশাহী, খুলনা, সিলেট ও চট্টগ্রামের অধিকাংশ শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ ছিল।

ঢাকায় শিক্ষক সমিতির কেন্দ্রীয় কার্যালয় থেকে কর্মকর্তারা জানিয়েছেন, রাজশাহী, খুলনা, সিলেট ও চট্টগ্রামের বেসরকারি স্কুল, কলেজ, মাদ্রাসা বন্ধ ছিল। ঢাকা বিভাগের ময়মনসিংহ, জামালপুর, টাঙ্গাইল, গাজীপুর, শেরপুর, কিশোরগঞ্জ, নেত্রকোনা, মুন্সীগঞ্জ, নরসিংদী, নারায়ণগঞ্জ ও শরীয়তপুর এবং বরিশাল বিভাগের পিরোজপুর, ঝালকাঠি ও বরগুনায় ধর্মঘট পালিত হয়েছে।

একই দাবিতে শিক্ষক-কর্মচারী ঐক্যজোট

শিক্ষক : পৃষ্ঠা : ৬ কলাম : ৫

## শিক্ষক : ধর্মঘট

(শেষ পৃষ্ঠার পর)

৬ ফেব্রুয়ারি কেন্দ্রীয় শহীদ মিনারে সমাবেশ করবে। বিরোধীদলীয় নেত্রী ও বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়াকে এই সমাবেশে বক্তৃতা দেয়ার জন্য শিক্ষক-কর্মচারী ঐক্যজোট আমন্ত্রণ জানিয়েছে। ঐক্যজোটের কর্মকর্তারা বলেছেন, বিরোধীদলীয় নেত্রী তাদের আমন্ত্রণ গ্রহণ করেছেন।